“যদি আমি একটি পেনাল্টি নোটিশ পাই এবং অর্থ পরিশোধ না করি তাহলে কি হবে?”

রসিদ পাওয়ার পর আপনার কাছে 42 দিন আছে যার মধ্যে আপনি এই পেনাল্টি নোটিশটির অর্থ সম্পূর্ণভাবে পরিশোধ করতে পারবেন। যদি এই সময়ের মধ্যে সম্পূর্ণ অর্থ না পাওয়া যায়, আইন অনুযায়ী স্থানীয় কর্তৃপক্ষ আপনার সন্তানের অনুমতি ছাড়া অনুপস্থিতির মৌলিক অপরাধের জন্য ম্যাজিস্ট্রেটের আদালতে মামলা আরম্ভ করবে।

যদি প্রমাণিত হয়, এর ফলে £1,000 অবধি জরিমানা এবং/বা বিভিন্ন ব্যবস্থা নেওয়া হতে পারে যেমন প্যারেন্টিং অর্ডার বা কমিউনিটি সেনটেন্স। যদি দোষী সাব্যস্থ হন বাবা/মা-র অপরাধমূলক রেকর্ড তৈরী হবে।

“আমি যদি পেনাল্টি নোটিশের অর্থ পরিশোধ করে দেই কিন্তু আমার সন্তান তা সত্ত্বেও স্কুলে অনুপস্থিত থাকতে থাকে তাহলে কি আমার বিরূদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে?”

পেনাল্টি নোটিশটির অন্তর্ভুক্ত সময়কালের জন্য তা হবে না, এই অর্থ পরিশোধ করা হলে তা এই বিষয়ে আপনার বাধ্যবাধকতা সমাপ্ত করে। কিন্তু এমনও হতে পারে যে পরিস্থিতির উপর নির্ভর করে পেনাল্টি নোটিশটির সময়কালের বাইরে অনুমতি ছাড়া অনুপস্থিতির জন্য মামলা করার কথা বিবেচনা করা হতে পারে। এটি যদি একটি বিবেচ্য বিষয় হয়, এটি গুরূত্বপূর্ণ যে আপনি আপনার সন্তানের স্কুল এবং এডুকেশন ওয়েলফেয়ার-এর মত সহায়তার এজেন্সিগুলির সাথে ঘনিষ্টভাবে কাজ করবেন।

“আমার সন্তান যদি নিয়মিতভাবে উপস্থিত না থাকে তাহলে আমি কি কোন সাহায্য পেতে পারি?”

হ্যাঁ, আপনার সন্তানের উপস্থিতি নিয়ে সাহায্যের প্রয়োজন হলে আপনার সন্তানের স্কুল এবং এডুকেশন ওয়েলফেয়ার সার্ভিস আপনাকে পরামর্শ ও সাহায্য করবে। যদি আপনার সন্তানের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে আপনার কোন রকম দুশ্চিন্তা থাকে, এটি খুবই গুরূত্বপূর্ণ যে আপনি আপনার সন্তানের স্কুল বা এডুকেশন ওয়েলফেয়ার সার্ভিসের সাথে যথাশীঘ্র সম্ভব কথা বলেন।

ALBANIAN

Nëse anglishtja nuk është gjuha juaj amtare dhe keni nevojë për një përkthim, ne mund t'ua sigurojmë atë.

BENGALI

ইংরেজী আপনার মাতৃভাষা না হলে এবং আপনার কোন অনুবাদের প্রয়োজন হলে আমরা তা প্রদান করতে সক্ষম।

CHINESE

如果英文不是您的第一語言，而您需要翻譯的話，我們可以為您安排。

GUJARATI

જો તમારી પહેલી ભાષા અંગ્રેજી ન હોય અને તમને ભાષાંતરની જરૂર હોય તો અમે તમને તે આપી શકીએ છીએ.

HINDI

यदि अँग्रेज़ी आप की पहली भाषा नहीं है और आप को अनुवाद की आवश्यकता है तो यह हम आपको प्रदान कर सकते हैं

KURDISH

Heke îngilîzî zimanê we yê yekem nîne û pêwîstîya we bi wergêr heye, em dikarin yekî ji we re bibînin

POLISH

Jeżeli język angielski nie jest Twoim językiem ojczystym i wymagasz tłumaczenia, możemy to zapewnić.

PORTUGUESE

Se o Inglês não é a sua língua materna e precisa de uma tradução, nós podemos obtê-la.

PUNJABI

ਜੇਕਰ ਇੰਗਲਿਸ਼ ਤੁਹਾਡੀ ਪਹਿਲੀ ਭਾਸ਼ਾ ਨਹੀਂ ਅਤੇ ਤੁਹਾਨੂੰ ਦੁਭਾਸ਼ੀਏ ਦੀ ਜ਼ਰੂਰਤ ਹੈ ਤਾਂ ਤੁਹਾਡੇ ਲਈ ਅਸੀਂ ਇਸਦਾ ਪ੍ਰਬੰਧ ਕਰ ਸਕਦੇ ਹਾਂ।

SOMALI

Haddii Ingiriisku aanu ahayn afkaaga kowaad oo aad u baahan tahay turjumaad, annagaa kuu samayn karna.

URDU

اگر انگریزی آپ کی پہلی زبان نہیں ہے اور آپ کو ترجمہ کی ضرورت ہے تو ہم آپ کے لئے فراہم کر سکتے ہیں۔

VIETNAMESE

Nếu quí vị không thạo Anh văn và cần bản dịch, chúng tôi sẽ giúp quí vị một bản.

এডুকেশন ওয়েলফেয়ার সার্ভিস

নর্থ টিম
ফোন: 0117 3533686
ফ্যাক্স: 0117 3533688

সাউথ টিম
ফোন: 0117 9031660
ফ্যাক্স: 0117 9031684

BRISTOL CITY COUNCIL

Bristol City Council (ব্রিস্টল সিটি কাউন্সিল)
এডুকেশন ওয়েলফেয়ার সার্ভিস (শিক্ষা কল্যাণ পরিষেবা)

স্কুলে উপস্থিতি:
যা বাবা/মা ও অভিভাবকদের জানা প্রয়োজন

স্কুলে উপস্থিতি
প্রতিটি দিন মূল্যবান
আপনার সন্তানদের সর্বোচ্চ ফল লাভ করতে সহায়তা করূন

❝কেন প্রতিদিন উপস্থিত থাকতে হবে?❞

স্কুলে ভালো উপস্থিতি আপনার সন্তানকে সাফল্যের সুযোগ করে দেয় এবং জীবনে প্রয়োজনীয় দক্ষতা লাভ করতে সাহায্য করে। আপনার সন্তানের প্রতিদিন স্কুলে উপস্থিত থাকা উচিত যদি অসুস্থতার মত কোন অনিবার্য কারণ না থাকে।

স্কুলে অনুপস্থিতি শিক্ষার্থীর শিক্ষা ও তার গ্রেড ক্ষতিগ্রস্থ করে (গবেষণায় দেখা যায় যে 17 দিন স্কুলে অনুপস্থিত থাকলে প্রায়ই একটি জি.সি.এস.ই গ্রেড কমে যায়), ধারাবাহিকতাতে বাধা আনে এবং শিক্ষার্থীকে অপরাধপ্রবণ করে তুলতে পারে।

বাজার করা, জন্মদিন বা কোন মেরামতকারীর জন্য অপেক্ষার কারণে শিক্ষার্থীদের কখনোই স্কুলে অনুপস্থিত থাকা উচিত নয়।

স্কুলে অনুপস্থিতি জীবনের সুযোগগুলিকে গুরুতরভাবে প্রভাবিত করে।

❝ পেনাল্টি নোটিশ কেন জারি করা হয়? ❞

বাবা-মা/অভিভাবকেরা অপরাধ করেন যদি কোন শিশু নিয়মিতভাবে স্কুলে উপস্থিত না থাকে এবং এই অনুপস্থিতিতে স্কুল সম্মত না হয় (অননুমোদিত)। কোন কোন ক্ষেত্রে অননুমোদিত অনুপস্থিতির ফলে এডুকেশন অ্যাক্ট 1996-এর সেকশন 444 অনুযায়ী আইনগত ব্যবস্থা নেওয়া হতে পারে।

এ্যান্টি সোশাল বিহেভিয়ার অ্যাক্ট 2003 আইনগত ব্যবস্থা নেওয়ার পরিবর্তে পেনাল্টি নোটিশের প্রচলন করেছে। পেনাল্টি নোটিশের জন্য আদালতে হাজিরা দিতে হয় না, কিন্তু তা সত্ত্বেও তা উপস্থিতি বাড়ানোতে সহায়তা করে।

❝একটি পেনাল্টি নোটিশ কত মূল্যের? ❞

£50 যদি 28 দিনের মধ্যে অর্থ মেটানো হয়। £100 যদি এর পরে কিন্তু 42 দিনের মধ্যে মেটানো হয়।

❝কখন তা ব্যবহার করা হবে?❞

যখন স্কুল আগের থেকেই আপনার শিশুর অনুপস্থিতির বিষয়ে সম্মত হয় বা আপনার ব্যাখ্যা স্বীকার করে তাহলে সেই অনুপস্থিতি 'অনুমোদিত' হয়। অন্য সকল অনুপস্থিতি 'অননুমোদিত'।

যখন অনুপস্থিতি অননুমোদিত তখন পেনাল্টি নোটিশ ব্যবহার করা যেতে পারে, উদাহরণস্বরূপ যখন:

- বাবা/মা অনুমোদন ছাড়াই শিশুকে টার্মের সময় বেড়াতে নিয়ে গেছেন, বিশেষত যখন এর মানে হয় যে শিক্ষার্থী কোনো পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি, যেমন এস.এ.টি ও জি.সি.এস.ই।
- স্কুল পালানোতে ধরা পড়ার পর জিজ্ঞাসা করে দেখা গেছে যে সেই সময় শিক্ষার্থীর অনুপস্থিতি অননুমোদিত ছিল।
- শিক্ষার্থীরা রেজিস্ট্রার বন্ধ হওয়ার পর নিয়মিত দেরি করে স্কুলে আসে।
- গত 10 সপ্তাহ সময়কালে কোন শিক্ষার্থী 8 বা তার বেশি বার অননুমোদিতভাবে অনুপস্থিত ছিল।

❝আমার সন্তান যদি স্কুল পালায় তাহলে আমার কি করা উচিত?❞

যদি আপনার সন্তান স্কুল পালায় আপনি:

- তাদের সাথে কথা বলুন এবং জানুন তা কেন হচ্ছে।
- স্কুলের একজন কর্মীর সাথে দেখা করে পরিস্থিতিটি নিয়ে আলোচনা করুন এবং এর সমাধান খুঁজুন।
- এডুকেশন ওয়েলফেয়ার সার্ভিসের সাথে পরামর্শ ও সহায়তার জন্য যোগাযোগ করুন (যোগাযোগের নম্বর পিছনের পৃষ্ঠায়)।
- বোঝার চেষ্টা করুন যে আপনার সন্তানের কি হচ্ছে এবং তাদের সমস্যাটি সমাধান করার চেষ্টা করুন।

শিক্ষা তাদের ভবিষ্যত সাফল্যের চাবিকাঠি, তাই বিষয়গুলির যথাশীঘ্র সম্ভব সমাধান করা গুরুত্বপূর্ণ।

❝আমাকে এই প্রচারপত্রটি পাঠানো হচ্ছে কেন? ❞

এই প্রচারপত্রটি সব বাবা-মা/অভিভাবকদের কাছে পাঠানো হচ্ছে যাতে সবাই সন্তানদের নিয়মিত ও সময়মত উপস্থিত থাকার প্রয়োজনীয়তার বিষয়ে অবগত হন যাতে তাদের সন্তানরা সর্বোচ্চ ফল লাভ করতে পারে।

এটি গুরত্বপূর্ণ যে বাবা-মা এবং অভিভাবকেরা তাদের দায়িত্ব বুঝতে পারেন এবং তাদের সন্তান স্কুলে অননুমোদিত ভাবে অনুপস্থিত থাকলে তার ফল কি হতে পারে সেটি বুঝতে পারেন।

❝যদি আমার সন্তান স্কুলে না যায় আমার কি করা উচিত? ❞

তাদের অনুপস্থিতির প্রথম সকালে যথাশীঘ্র সম্ভব স্কুলে টেলিফোন করে তার কারণ জানান।

স্কুলের পরে বা ছুটির সময় দন্ত-চিকিৎসক বা ডাক্তারের সাথে নিয়মিত সাক্ষাতের সময় নির্ধারণ করুন। যদি স্কুল চলাকালীন সময়ে আপনাকে সাক্ষাতের সময় ঠিক করতে হয়, আপনার সন্তানকে দিনের বেশিরভাগ সময় স্কুলে থাকতে সাহায্য করুন এবং এই সাক্ষাৎকারের বিষয়ে স্কুলকে জানান।

অসুস্থতা বা দন্ত বিষয়ক/চিকিৎসা বিষয়ক সাক্ষাৎকারের জন্য আপনার সন্তান যদি নিয়মিত অনুপস্থিত থাকে তাহলে আপনার কাছে একটি মেডিক্যাল সার্টিফিকেট বা এ্যাপয়েন্টমেন্ট কার্ড চাওয়া হতে পারে।

❝যদি আমি বেড়াতে যেতে চাই তাহলে কি হবে?❞

টার্মের সময় বেড়াতে যাওয়া সাধারণত অনুমোদন করা হয় না। অনিবার্য পরিস্থিতিতে হেডটিচারের কাছে অনুমতি চান এবং স্কুলের নীতি খতিয়ে দেখুন।